

পঞ্চপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, সরাইট মন্ত্রণালয়
জেলা কার্যালয়, মৌলভীবাজার।

Email : moulvibazar@gmail.com

নং- ৫৮.০৪.৫৮০০.১০৬.০৭.০১৯.১৬- ২০২

তারিখঃ ১২ বৈশাখ ১৪৩০
২৫ এপ্রিল ২০২০

প্রতি

স্বত্বাধিকারী

.....
.....

বিষয়: মাদকবিরোধী প্রচারনার কাজে ব্যবহারের নিমিত্ত মাদকের ক্ষতিকর দিক সম্বলিত লিফলেট সরবরাহের দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ২২/০২/২০২০ খ্রি: তারিখে ৫৮৮ নং স্মারকে প্রেরিত বাজেট বরাদ্দ পত্র মোতাবেক চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব বাজেটের আওতায় চলতি অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) সেকশন-৩ এর কার্যক্রম সূচকের ১.৪.৩ "মাদকের ক্ষতিকর দিক সম্বলিত লিফলেট প্রস্তুতকরণ ও বিতরণ" নির্দেশনার প্রেক্ষিতে মৌলভীবাজার জেলা কার্যালয়ের জন্য সংযুক্ত সিডিউল ও স্পেসিফিকেশন মোতাবেক মাদকবিরোধী প্রচারনার কাজে ব্যবহারের নিমিত্ত মাদকবিরোধী লিফলেট সরবরাহের "দরপত্র/কোটেশন প্রদানের অনুরোধ আপন" (RFQ) পদ্ধতিতে আগ্রহী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র/কোটেশন আহ্বান করা যাচ্ছে। প্রদত্ত শর্তাবলী পূরণসাপেক্ষে আগ্রহী প্রকৃত প্রতিষ্ঠানকে নির্ধারিত ছক পূরণপূর্বক নিজস্ব প্যাতে আগামী ০২/০৫/২০২০ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে উপ পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজার বরাবর মীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী কোটেশন/দরপত্র দাখিল করতে হবে।

S.I No.	Description (বর্ণনা)	Qty (পরিমাণ)	Unit Single Price (কোটেশন দাতার দেয় একক দর)		Unit Total Price	
			অংকে	কথায়	অংকে	কথায়

শর্তাবলী :-

১. দরপত্র/কোটেশন এর সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সমর্থনে সনদপত্র, টিন নম্বরসহ আয়কর প্রদানের সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
২. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।
৩. দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়। একক দর ও মোট দরের মধ্যে কোন পরমিল দেখা দিলে একক দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
৪. অবশ্যই সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
৫. অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করবে তা সংযুক্ত করতে পারবে।
৬. দরপত্র/কোটেশনসমূহ আগামী ০২/০৫/২০২০ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজারে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতেই


কোনদরপত্র/কোটেসন গ্রহণ করা হবে না। একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাস্তব খোলা হবে।

৭. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেসন/দরপত্র গ্রহণ এবং সকল কোটেসন/দরপত্র পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৮. সরবরাহকৃত মালামালে কোন ত্রুটি ধরা পড়লে অথবা কোটেসন/দরপত্র মূল্যায়ন কমিটি সিডিউল মোতাবেক অভিমত ব্যক্ত করলে তা অবশ্যই প্রযুক্তকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিবর্তন বা সংশোধন করে দিতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে কোনরূপ ওজর আপত্তি গৃহীত হবে না।

৯. সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে সিডিউল মোতাবেক মানকবিরোধী প্রচারণার বিভিন্ন সামগ্রী সরবরাহপূর্বক বিল দাখিল করতে হবে। বিলের টাকা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

১০. শর্ত ভঙ্গের কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন ক্ষতির উদ্ভব ঘটলে সেই ক্ষতির দ্বিগুন পরিমাণ আদায়ে অধিদপ্তরের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসাবে গণ্য হবে।


20.08.2026
মোহাম্মদ হাবীব হৌহিদ ইমাম
উপ পরিচালক
ফোনঃ ০২৪১-১১০২৬৭

বিতরণ :

- ১। নোটিশ বোর্ড, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজার।
- ২। নোটিশ বোর্ড, জেলা প্রশাসক এর কার্যালয়, মৌলভীবাজার।
- ৩। নোটিশ বোর্ড, জেলা তথ্য অফিস, মৌলভীবাজার।
- ৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়ের নোটিশ বোর্ড।
- ৫। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়ের ওয়েব পোর্টাল।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) :

১. পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৩. অফিস/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেলা কার্যালয়, মৌলভীবাজার।
E-mail: moulvibazardnc@gmail.com

দরপত্র সিডিউল

ক্রম	মালামাল/পণ্যের বিবরণ	সংখ্যা/পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	০২	০৩	০৪	০৫
০১	পরিমাণ- ৩০,০০০ টি	৩০,০০০ কপি		
০২	ছাপা- ৪ কালার			
০৩	গ্রেট- ফুজি			
০৪	পজিটিভ- ফুজি			
০৫	ক্রিজ-অটো মেশিন			
০৬	০৩ ভাঁজ করে রাখার বাধাই			
			সবমোট =	

টাকার পরিমাণ : কথায় (.....)।

বিঃ দ্রঃ সিডিউলে উল্লিখিত মালামাল/পণ্যের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


২০.০৮.২০১৬
মোহাম্মদ হাবীব হোসেন ইমাম
উপপরিচালক
ফোন : ০২৪১-১১০২৬৭